তারিখ ... 11 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৬ ...

দৈনিক
ইত্তেফাক



ফুলবাড়ি (দিনাজপুর) : হত্যাকাণ্ডের ঘটনাকে কেন্দ্র করে কুষ্টিয়াপাড়া গ্রামের শিশুদের স্কুল যাওয়া বন্ধ তাই মসজিদের বারান্দায় ক্লাস নেয়া হচ্ছে —ইত্তেফাক

# হুমকিতে শিশুদের স্কুলে যাওয়া বন্ধ মসজিদের বারান্দায় চলছে ক্লাস

■ ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা

একটি হত্যাকাণ্ডের জের ধরে বিবাদীদের হুমকির কারণে স্কুলে যেতে পারছে না দিনাজপুরের নবাবগঞ্জের কুষ্টিয়াপাড়ার শতাধিক শিশু শিক্ষার্থী। এ কারণে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের উদ্যোগে বিকল্প পন্থায় ক্লাস চলছে গ্রামের মসজিদ চত্বরের টিনসেডে।

গত ১০ সেপ্টেম্বর উপজেলার গিলাঝুকি গ্রামে বন বিভাগের ২০ বিঘা জমি দখল নিয়ে কুষ্টিয়াপাড়া ও মাহাতাবপাড়ার গ্রামবাসীর মধ্যে সংঘর্ষ হয়। এতে মাহাতাবপাড়ার মৃত সাখাওয়াত হোসেনের ছেলে আমিনুল ইসলাম বাবু (৫০) মারা যায় এবং উভয়পক্ষের ২০ জন আহত হন। ঐ ঘটনার জের ধরে বাদিপক্ষের হুমকির কারণে কুষ্টিয়াপাড়ার শিশুদের স্কুলে যাওয়া বন্ধ হয়ে যায়। কিন্তু শিশুদের শিক্ষাদান অব্যাহত রাখতে মাহাতাবপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক কুষ্টিয়াপাড়া মসজিদ চত্বরেই টিনসেড নির্মাণ করে ক্লাস নেয়ার ব্যবস্থা করেন।

প্রধান শিক্ষক রবিউল ইসলাম বলেন, বাদিপক্ষের হুমকির জন্য নয়। আতঙ্কের কারণে অভিভাবকরা শিশুদের স্কুলে পাঠাচ্ছেন না। সামনে শিশুদের পরীক্ষা। তাই বিকল্প ব্যবস্থা হিসাবে কুষ্টিয়াপাড়া মসজিদ চত্বরে টিনসেড নির্মাণ করে সেখানেই ক্লাস নেয়া হচ্ছে। গত সোমবার উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় এ বিষয়ে আলোচনা হয়।

ভারপ্রাপ্ত ইউএনও এস.এম মনিরুজ্জামান আল-মাসউদ বলেন, শিশুদের বিদ্যালয়ে যেতে বাধা দেয়া গুরুতর অপরাধ। যদি কেউ এমন ঘটনা ঘটিয়ে থাকে তবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।